

২০২৩

দ্বিতীয় সেমেস্টার

বাংলা - সাধারণ

পত্র : GE/CC-2

(ঐতিহাসিক ভাষাবিজ্ঞান, ছন্দ ও অলংকার)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) মধ্যভারতীয় আর্যভাষা থেকে আধুনিক ভারতীয় আর্যভাষা হিসাবে বাংলা ভাষার উদ্ভবের গতিরেখা সংক্ষেপে আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) আদি-মধ্য বাংলার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি শ্রীকৃষ্ণকীর্তনের প্রেক্ষিতে উদাহরণসহ লেখো। ১০
- ২। (ক) যে-কোনো দুটি বিষয় উদাহরণসহ বুঝিয়ে দাও— ৫+৫
যতি, পর্ব, দল, চরণ।
- অথবা,
- (খ) দলবৃত্ত বা স্বরবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান ছন্দোরীতির বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও। ১০
- ৩। (ক) যে-কোনো দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো— ৫+৫
বক্রোক্তি, অনুপ্রাস, সাদৃশ্যপক, সমাসোক্তি।
- অথবা,
- (খ) উপমা অলংকার কাকে বলে? উপমা অলংকার কয় প্রকার ও কী কী? উদাহরণসহ যে-কোনো দুই প্রকারের উপমা অলংকারের পরিচয় দাও। ৫+৫
- ৪। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার সময়সীমা উল্লেখ করে এই ভাষার তিনটি বৈশিষ্ট্য লেখো। ৫
- অথবা,
- (খ) আদি-মধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের যে-কোনো দুটি উদাহরণসহ লেখো। ৫
- ৫। যে-কোনো একটি কাব্যংশের ছন্দোলিপি নির্ণয় করো (পদ, পর্ব, পঙ্ক্তি, লয়, মাত্রা ও রীতির উল্লেখ করতে হবে)। ৫×১
- (ক) তোমার ছুটি নীল আকাশে তোমার ছুটি মাঠে।
তোমার ছুটি থই হারা ওই দীঘির ঘাটে ঘাটে।
- (খ) ডেকেছ আজি এসেছি সাজি হে মোর লীলাগুরু
শীতের রাতে তোমার সাথে কি খেলা হবে শুরু।

Please Turn Over

- ৬। যে-কোনো একটি কাব্যাংশের অলংকার নির্ণয় করো। ৫×১
- (ক) মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান ॥
- (খ) পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন।
- ৭। যে-কোনো একটি বিষয় অবলম্বনে টীকা লেখো। ৫×১
- (ক) অবহট্ট
- (খ) মিশ্রবৃত্ত ছন্দ
- (গ) যমক।
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) মধ্যভারতীয় আর্যভাষার সময়সীমা উল্লেখ করো।
- (খ) প্রাচীন ভারতীয় আর্যভাষায় রচিত একটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।
- (গ) আদি-মধ্য বাংলার সময়সীমা লেখো।
- (ঘ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ ছাড়া আদি-মধ্য বাংলার দুটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।
- (ঙ) ‘ব্যতিরেক’ অলংকারের একটি উদাহরণ দাও।
- (চ) ‘কাব্যাংশ’ শব্দে কয়টি অক্ষর আছে?
- (ছ) কলাবৃত্ত ছন্দের অন্যান্য নামগুলি লেখো।
- (জ) ধীর লয় কোন ছন্দোবৃত্তিতে দেখা যায়?
- (ঝ) কলাবৃত্ত ছন্দোবৃত্তির একটি বৈশিষ্ট্য লেখো।
- (ঞ) অতিপর্ব কাকে বলে?
- (ট) উৎপ্রেক্ষা অলংকারের একটি উদাহরণ দাও।
- (ঠ) “মধুহীন কোরো না গো তব মনঃ কোকনদে” — কোন অলংকার?
- (ড) “দেখিবারে আঁখি পাখি ধায়” — কোন অলংকার?
- (ঢ) পূর্ণোপমা অলংকারের একটি উদাহরণ দাও।
- (ণ) ব্যাজস্তুতি অলংকারের একটি উদাহরণ দাও।